২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৬ষ্ঠ **বিষয়: গণিত**

<table>
<tr><th>অ্যাসাইনমেন্ট নম্বর</th><th>অ্যাসাইনমেন্ট (শিরোনামসহ)</th><th>শিখনফল/ বিষয়বস্তু</th><th>অ্যাসাইনমেন্ট প্রণয়নের নির্দেশনা (ধাপ/পরিধি/সংকেত)</th><th colspan="8">মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td rowspan="9">০১</td><td rowspan="9">শিরোনামঃ লটারির সাহায্যে স্বাভাবিক সংখ্যা বিষয়ক গাণিতিক সমস্যার সমাধান</td><td rowspan="9">১ম অধ্যায়ঃ (স্বাভাবিক সংখ্যা ও ভগ্নাংশ)
● স্বাভাবিক সংখ্যার অঙ্কপাতন করতে পারবে।
● দেশীয় ও আন্তর্জাতিক রীতিতে অঙ্কপাতন করে পড়তে পারবে।
● মৌলিক সংখ্যা, যৌগিক সংখ্যা ও সহমৌলিক সংখ্যা চিহ্নিত করতে পারবে|
● বিভাজ্যতা ব্যাখ্যা করতে পারবে।
● ২, ৩, ৪, ৫, ৯ দ্বারা বিভাজ্যতা যাচাই করতে পারবে।
● স্বাভাবিক সংখ্যার ল.সা.গু ও গ.সা.গু নির্ণয় করতে পারবে।</td><td rowspan="9">ছোট ছোট টুকরো কাগজে ১০ থেকে ৩০ পর্যন্ত স্বাভাবিক সংখ্যা লিখে ভাজ করে একটি কৌটায় রাখো। অতঃপর দৈব ভাবে (লটারি) একটি করে তুলে নিয়ে নিচের ধাপগুলো অনুসরণ কর।
● মৌলিক সংখ্যা ও যৌগিক সংখ্যা আলাদা করে অঙ্কিত তালিকা অনুযায়ি খাতায় লিখ
<table><tr><td>মৌলিক সংখ্যা</td><td>যৌগিক সংখ্যা</td></tr><tr><td></td><td></td></tr></table>● এবার তুলে নেওয়া সবগুলো কাগজের টুকরো পুনরায় কৌটায় রাখো [বিঃদ্রঃ এখন থেকে তুলে নেওয়া কাগজের টুকরোটি পুনরায় কৌটায় রাখা যাবে না]
● লটারির মাধ্যমে এক জোড়া কাগজের টুকরো তুলে প্রাপ্ত সংখ্যা দুইটি অঙ্কিত তালিকা অনুযায়ি খাতায় লিখে সহমৌলিক কিনা যাচাই কর
<table><tr><td>১ম সংখ্যা</td><td>২য় সংখ্যা</td><td>সহমৌলিক (হ্যা/না)</td></tr><tr><td></td><td></td><td></td></tr></table>● এবার কৌটা থেকে দৈবভাবে একইসাথে তিনটি সংখ্যা তুলে নাও
• প্রাপ্ত সংখ্যাগুলো পাশাপাশি বসিয়ে ছয় অঙ্কের ক্ষুদ্রতম ও বৃহত্তম সংখ্যা গঠন কর।
[যেমন: ১২ ২২ ২৪ এই তিনটি সংখ্যা পাশাপাশি বসিয়ে প্রাপ্ত ছয় অঙ্কের সংখ্যা = ১২২২২৪ । তোমার সমাধানের ক্ষেত্রে লটারিতে এই সংখ্যাটি ব্যবহার করা থেকে বিরত থাকবে]
● গঠনকৃত ছয় অঙ্কের ক্ষুদ্রতম ও বৃহত্তম সংখ্যাকে দেশীয় ও আন্তর্জাতিক পদ্ধতিতে কথায় প্রকাশ কর
● এবার লটারিতে তুলে নেওয়া তিনটি সংখ্যার যে কোন দুইটি সংখ্যাকে পাশাপাশি বসিয়ে চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা গঠন কর
● চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাটি ২, ৩ ও ৪ দ্বারা বিভাজ্য কিনা যাচাই কর
● প্রয়োজনে পাঠ্যবইয়ের পৃষ্ঠা ৮ ও ৯নং এর সাহায্য নাও
● কৌটা থেকে পুনরায় দৈবভাবে তুলে এমন ভাবে তিনটি সংখ্যা নাও যেখানে অন্তত একটি মৌলিক সংখ্যা থাকে।
● পাঠ্যবইয়ে উল্লিখিত যে কোন ১টি পদ্ধতিতে সংখ্যাগুলোর ল.সা.গু. নির্ণয় কর
● পাঠ্যবইয়ে উল্লিখিত যে কোন ১টি পদ্ধতিতে সংখ্যাগুলোর গ.সা.গু. নির্ণয় কর।</td><td colspan="2" rowspan="2">নির্দেশক</td><td colspan="5">পারদর্শিতার মাত্রা/নম্বর</td><td rowspan="2">প্রাপ্ত নম্বর</td><td rowspan="9"></td></tr>
<tr><td>৪</td><td>৩</td><td>২</td><td>১</td><td>০</td></tr>
<tr><td>ক</td><td>মৌলিক সংখ্যা এবং যৌগিক সংখ্যা নির্ণয়।</td><td>----</td><td>খাতায় সঠিকভাবে লিপিবদ্ধ করলে।</td><td>মৌলিক সংখ্যা ও যৌগিক সংখ্যা চিহ্নিত করলে।</td><td>মৌলিক সংখ্যা বা যৌগিক সংখ্যা চিহ্নিত করলে।</td><td></td><td rowspan="2"></td></tr>
<tr><td>খ</td><td>পরস্পর সহমৌলিক সংখ্যা নির্ণয়।</td><td>----</td><td>----</td><td>সঠিকভাবে সহমৌলিক সংখ্যা নির্ণয় করলে।</td><td>উল্লিখিত তালিকা অঙ্কন করলে</td><td></td></tr>
<tr><td>গ</td><td>গঠনকৃত সংখ্যাটিকে দেশীয় এবং আন্তর্জাতিক পদ্ধতিতে কথায় প্রকাশ।</td><td>যথাযথভাবে ছয় অঙ্কের ক্ষুদ্রতম ও বৃহত্তম সংখ্যা গঠন করে দেশীয় পদ্ধতি ও আন্তর্জাতিক পদ্ধতিতে কথায় প্রকাশ করতে পারলে।</td><td>দেশীয় পদ্ধতিতে বা আন্তর্জাতিকভাবে কথায় প্রকাশ করলে।</td><td>ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা এবং বৃহত্তম সংখ্যা গঠন করলে।</td><td>ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা বা বৃহত্তম সংখ্যা গঠন করলে।</td><td></td><td></td></tr>
<tr><td>ঘ</td><td>নির্ধারিত সংখ্যাসমূহ ২, ৩ ও ৪ দ্বারা বিভাজ্য কিনা যাচাই।</td><td>যথাযথভাবে ক্ষুদ্রতম সংখ্যাটি নির্ণয় পূর্বক ২, ৩ ও ৪ দ্বারা বিভাজ্য কিনা যাচাই করতে পারলে।</td><td>ক্ষুদ্রতম সংখ্যাটিকে যে কোন দুইটি সংখ্যা দ্বারা বিভাজ্য কিনা যাচাই করতে পরেলে</td><td>ক্ষুদ্রতম সংখ্যাটিকে ২ বা, ৩ বা ৪ দ্বারা বিভাজ্য কিনা যাচাই করতে পারলে</td><td>চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা গঠন করতে পারলে</td><td></td><td></td></tr>
<tr><td>ঙ</td><td>সংখ্যা ত্রয়ের ল.সা.গু. ও গ.সা.গু. নির্ণয়।</td><td>যথার্থ সমাধান করতে পারলে।</td><td>সঠিক ল.সা.গু. ও গ.সা.গু. নির্ণয় ।</td><td>সঠিক ল.সা.গু. বা গ.সা.গু. (যেকোন ১টি) নির্ণয় করতে পারলে।</td><td>যৌগিক সংখ্যা যাচাই করতে পারলে</td><td></td><td></td></tr>
<tr><td colspan="8">মোট</td><td></td></tr>
<tr><td colspan="8">অ্যাসাইনমেন্টের বরাদ্দকৃত নম্বর</td><td>১৭</td></tr>
<tr><td colspan="8">১০ নম্বরে রূপান্তরের পর প্রাপ্ত নম্বর</td><td></td></tr>
</table>

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
৮-১০	অতি উত্তম
৬-৭.৯	উত্তম
৪-৫.৯	ভালো
৪ এর কম	অগ্রগতি প্রয়োজন